

নং-২০.০০.০০০০.৩০৪.৩২.০১৪.১৬. ২৭৪

তারিখঃ ১৫ বৈশাখ, ১৪৩১  
২৮ এপ্রিল, ২০২৪


বিষয়ঃ বিভাগীয় মামলার তদন্তের সাক্ষ্য গ্রহণ।

- সূত্রঃ (১) পরিকল্পনা বিভাগের প্রশাসন অধিশাখা-৩ এর ২০/০৩/২০২৪ তারিখের ২০.০০.০০০০.৩০৪.৩২.০১৪.১৬-২০৬ সংখ্যক পত্র;  
(২) প্রথম সচিব ও দুতালয় প্রধান, বাংলাদেশ এম্বেসী, ফ্রান্স এর দপ্তরের ০৮/০৪/২০২৪ তারিখের ১৯.০১.৩৩০১.১০১.১২৯.২০.৪৯ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, বেগম ফরিদা ইয়াসমিন ব্যক্তিগত কর্মকর্তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ৭(১)(খ) অনুযায়ী ১নং সূত্রোক্ত পত্রে ২৮/০৪/২০২৪ তারিখ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত হয়ে বক্তব্য প্রদানের দিন ধার্য ছিল। যদি তিনি উপস্থিত হতে না পারেন তবে তার উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে শুনানীর জবাব প্রেরণের জন্য বলা হয়েছিল। কিন্তু যথাসময়ে তিনি বা তার উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে শুনানীর জবাব দেননি।

০২। বেগম ফরিদা ইয়াসমিন, ব্যক্তিগত কর্মকর্তা, দুতালয় প্রধান, বাংলাদেশ এম্বেসী, ফ্রান্স এর দপ্তরের মাধ্যমে তার সন্তানের বর্তমান শিক্ষাবর্ষ (২০২৩-২৪) সমাপনান্তে শুনানীর তারিখ জুলাই/২০২৪ এর দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত বর্ধিত করার জন্য ২নং সূত্রোক্ত পত্রে আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, বেগম ফরিদা ইয়াসমিন, ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ এর আবেদনে উল্লিখিত তার সন্তানের পড়াশুনার বিষয়টি বিশেষ বিবেচনাপূর্বক আগামী ২২/০৭/২০২৪ তারিখ বেলা- ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (ভবন-০৯, কক্ষ-৩১) উপস্থিত হয়ে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হলো। যদি তিনি উপস্থিত হতে না পারেন তবে তার উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে শুনানীর জবাব প্রেরণের জন্য বলা হলো। ধার্যকৃত শুনানীর তারিখে অংশগ্রহণ না করলে একতরফা আদেশ প্রদান করা হবে।



(মানিরা পারভীন)

উপসচিব

ফোন: ৪৮১১২০৫৬

Email: sas.ptsection@yahoo.com

বিতরণ (কার্যার্থে):


- ১। জনাব জুবায়ের আহমদ জালালী, প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন অধিশাখা-৩, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। বেগম ফরিদা ইয়াসমিন, ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, ঢাকা  
(বর্তমান ঠিকানাঃ ফরিদা ইয়াসমিন, পিতাঃ লিয়াকত আলী, মাতাঃ আবিদা বেগম, স্বামীঃ কয়েচ হাসান, কামারগোপ, ডেমরা বাজার, ডেমরা, ঢাকা, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ শৈলদাহ, ডাকঘরঃ শৈলদাহ, থানাঃ চিতলমারি, জেলাঃ বাগেরহাট।)

নং-২০.০০.০০০০.৩০৪.৩২.০১৪.১৬. ২৭৪

তারিখঃ ১৫ বৈশাখ, ১৪৩১  
২৮ এপ্রিল, ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মান্যবর এম্বাসেডর, ফ্রান্স এম্বেসী, মাদানী এভিনিউ, বারিধারা, ঢাকা।
- ২। প্রথম সচিব ও দুতালয় প্রধান, এম্বাসী অব দি পিপলস্ রিপাবলিক অব বাংলাদেশ, প্যারিস, ফ্রান্স (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ (নোটিশটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)। ১৬ নং বি/২ নো
- ৬। যুগ্ম সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (যুগ্ম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংশ্লিষ্ট নথি।



(মানিরা পারভীন)

উপসচিব